original  II Term

# SAMPLE QUESTION PAPER OF SUMMATIVE ASSESSMENT - 2011

## Subject : Bengali : Code 005

## Class IX

M.M. 80  Time : 3.00 hrs.

***Set - I***

The question paper is divided into four sections :

| | | |
|---|---|---|
| Section A : | Reading Comprehension | 15 marks |
| Section B : | Writing | 15 marks |
| Section C : | Grammar | 15 marks |
| Section D : | Literature / Text Books | 35 marks |

All questions are compulsory
Marks are indicated against each question.

### Section - A (Reading)
### (বোধপরীক্ষণ)

2+2+1 = 5

১/ অনুচ্ছেদগুলি পড়ে নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখ ঃ

রামায়ণে লক্ষ্মণের মতো পুরুষকারের উজ্জ্বল চিত্র আর দ্বিতীয় নাই। ইনি সতত নির্ভীক, বিপদে অকুণ্ঠিত, স্বীয় ক্ষুরধার তীক্ষ্ণবুদ্ধি সত্ত্বেও ভ্রাতৃস্নেহের বশবর্তী হইয়া একেবারে আত্মহারা হইয়া পড়িয়াছিলেন। নিতান্ত বিপদেও তাঁহার কণ্ঠস্বর স্ত্রীলোকের ন্যায় কোমল হইয়া পড়ে নাই। যখন তিনি কবন্ধের বিশাল হস্তের দ্বারা সম্পূর্ণরূপে আয়ত্ত হইয়াছিলেন, তখন রামের প্রতি দৃষ্টি করিয়া এই কথাটি মাত্র বলিয়াছিলেন — 'দেখুন আমি রাক্ষসের অধীন হইয়া পড়িয়াছি, আপনি আমাকে বলিস্বরূপ রাক্ষসের হস্তে প্রদান করিয়া পলায়ন করুন। আমার দৃঢ় বিশ্বাস, আপনি শীঘ্র সীতাকে ফিরিয়া পাইবেন। তাঁহাকে লাভ করিয়া পৈতৃক রাজ্যে পুনরধিষ্ঠিত হইয়া আমাকে স্মরণ রাখিবেন।' এই কথায় বিলাপের ছন্দ নাই। ইহাতে রামের প্রতি অসীম প্রীতি ও স্বীয় আত্মোৎসর্গের অতুল্য ধৈর্য্য সূচিত হইয়াছে।

প্র১ঃ কবির নিকট কোন কাব্যের কোন চরিত্রটি অধিক উজ্জ্বল ও অদ্বিতীয়?

ক) কবির নিকট রামায়ণ কাব্যের লক্ষ্মণের চরিত্রটিকে অধিক উজ্জ্বল ও অদ্বিতীয় মনে হয়েছে।
খ) কবির নিকট মহাভারতের কর্ণের চরিত্রটি অধিক উজ্জ্বল ও অদ্বিতীয় মনে হয়েছে।
গ) কবির নিকট রামায়ণ কাব্যের রাবণের চরিত্রটিকে অধিক উজ্জ্বল ও অদ্বিতীয় মনে হয়েছে।

প্রশ্ন ২ঃ কে কার প্রতি দৃষ্টিপাত করে বলেছিলেন, 'দেখুন, আমি রাক্ষসের অধীন হইয়া পড়িয়াছি'?

ক) ভরত রামের প্রতি দৃষ্টিপাত করে বলেছিলেন, 'দেখুন, আমি রাক্ষসের অধীন হইয়া পড়িয়াছি।'
খ) লক্ষ্মণ রামের প্রতি দৃষ্টিপাত করে বলেছিলেন, 'দেখুন আমি রাক্ষসের অধীন হইয়া পড়িয়াছি।

গ) রাম ভরতের প্রতি দৃষ্টিপাত করে বলেছিলেন, 'দেখুন আমি রাক্ষসের অধীন হইয়া পড়িয়াছি।

প্রশ্ন ৩ ঃ 'শীঘ্র' শব্দটির প্রতিশব্দ লেখো

উত্তর ঃ ক) দেরী
খ) এখনই
গ) তাড়াতাড়ি

২. অনুচ্ছেদটি পাঠ করে নিচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো ঃ 2+2+1 = 5

মানুষ অতি দুর্বল, সবল শত্রুর নিকট আত্মরক্ষার জন্য সে আর একটি কৌশল আশ্রয় করিয়াছে। মানুষ দল বাঁধিয়া বাস করে, সেই দলের নাম সমাজ। দল বাঁধিয়া থাকিতে হইলে স্বাধীনতাকে স্বাতন্ত্র্যকে সংযত করিতে হয়, নতুবা দল ভাঙিয়া যায়। যে পাশব প্রবৃত্তি সমাজকে তুচ্ছ করিয়া মানুষকে কেবল আত্মরক্ষার দিকে প্রেরিত করে, দেশের কল্যাণার্থে মানুষ সেই পাশব প্রবৃত্তির সংযমে বাধ্য হয়। সহজাত সংস্কারের অভাবে অতীতের অভিজ্ঞতায় ভর করিতে হয়। এই জন্য যে বুদ্ধি আবশ্যক, তাহার নাম ধর্মবুদ্ধি ইহা বিশিষ্টরূপে মানবধর্ম। সমাজরক্ষার অনুকূল। ইহা লোকস্থিতির সহায়।

১ ঃ কে কেন কৌশলের আশ্রয় করেছে?

ক) পশুরা মানুষের হাত থেকে রক্ষা পেতে কৌশলের আশ্রয় করেছে।
খ) মানুষ সবল শত্রুর হাত থেকে রক্ষা পেতে কৌশলের আশ্রয় করেছে।
গ) পাখিরা ব্যাধের হাত থেকে রক্ষা পেতে কৌশলের আশ্রয় করেছে।

২ ঃ কারা দল বেঁধে বাস করে এবং দলের নাম কী?
ক) পশুরা দলবেঁধে বাস করে ও দলের নাম পশুপতি।
খ) দরিদ্ররা দলবেঁধে বাস করে ও দলের নাম দলপতি।
গ) মানুষ দল বেঁধে বাস করে ও দলের নাম সমাজ।

৩ ঃ 'দুর্বল' শব্দটির বিপরীত শব্দ কী?
ক) শীর্ণ
খ) চতুর
গ) শক্তিশালী

৩. অনুচ্ছেদটি পাঠ করে প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো ঃ 2+2+1 = 5

দুই পুত্রের মধ্যে আসন্ন সাংঘাতিক যুদ্ধ সম্ভাবনায় কুন্তী মনের আবেগে একেবারে সংজ্ঞাহীন হয়ে পড়লেন। কুশলী কৃপাচার্য সমূহ বিপদ বুঝে যুদ্ধ নিবারণ কামনায় কর্ণকে বললেন, হে বসু সেন, অজ্ঞাতকুলশীল ব্যক্তির সঙ্গে রাজকুমারের তো যুদ্ধ করবার নিয়ম নেই। তোমাকে সবাই সূত পালিত বলে জানে; সুতপুত্রের সঙ্গে রাজপুত্র কী প্রকারে যুদ্ধ করবেন। তবে হে মহাবাহো, তুমি যদি তোমার প্রকৃত পিতামাতার নামোল্লেখ করে কোনো রাজবংশকে তুমি অলংকৃত করেছ তা আমাদের কাছে জ্ঞাপন করো, তাহলে পান্ডুনন্দন অর্জুন অনায়াসেই তোমার প্রতি-যোদ্ধা হতে পারেন।

১ ঃ কে, কেন সংজ্ঞাহীন হয়ে পড়লেন?

ক) দুই পুত্রের মধ্যে আসন্ন যুদ্ধের কথা শুনে কুন্তী সংজ্ঞাহীন হয়ে পড়লেন।
খ) কর্ণ কৃপাচার্যের কথা শুনে সংজ্ঞাহীন হয়ে পড়লেন।
গ) কুন্তী যন্ত্রণায় সংজ্ঞাহীন হয়ে পড়লেন।

২ ঃ দুই পুত্র বলতে কাদের বোঝানো হয়েছে?

ক) দুই পুত্র বলতে ভীম ও অর্জুনকে বোঝানো হয়েছে।
খ) দুই পুত্র বলতে কর্ণ ও অর্জুনকে বোঝানো হয়েছে।
গ) দুই পুত্র বলতে ভীম ও কর্ণকে বোঝানো হয়েছে।

৩ ঃ 'নন্দন' শব্দটির লিঙ্গ পরিবর্তন করো

ক) নন্দনা
খ) নন্দিতা
গ) নন্দিনী

## Section - B (Writing)
### নির্মিত অধ্যায়

৪) নীচের প্রদত্ত সংকেত অবলম্বন করে একটি গল্প লেখ, শিরোনাম দাও ও কি শিক্ষা পেলে তা লেখ। 3+1+2 = 6
(১০০ শব্দের মধ্যে)
দুই বন্ধু জঙ্গলে ঘুরতে গিয়েছিল..... সামনে এক ভালুক দেখতে পেল...... এক বন্ধু গাছে চড়ে বসলো... দ্বিতীয় বন্ধু গাছে চড়তে জানতো না..... সে মরার ভান করে পড়ে রইল....

৫) ভাব সম্প্রসারণ কর ঃ (১০০ শব্দের মধ্যে) 6

ক) সকলের তরে সকলে আমরা
প্রত্যেক আমরা পরের তরে।

অথবা

খ) পুষ্প আপনার জন্য ফোটে না, পরের জন্য তোমার হৃদয় কুসুমকে প্রস্ফুটিত করিয়ো।

৬) মেট্রোরেলের জন্য দিল্লির যাতায়াত ব্যবস্থার উন্নতিসাধন সম্পর্কে একটি প্রতিবেদন লেখো। (৬০টি শব্দের মধ্যে) 3

অথবা

সম্প্রতি শচিন তেন্ডুলকর তাঁর খেলোয়াড় জীবনের কুড়ি বছর পূর্ণ করেছেন — এই বিষয়টির উপর স্থানীয় পত্রিকায় পাঠানোর জন্য একটি প্রতিবেদন লেখো (৬০টি শব্দের মধ্যে)।

## Section - C (Grammar)
## ব্যাকরণ

৭) নীচে তিনটি সন্ধিবিচ্ছেদ এবং প্রতিটি সন্ধিবিচ্ছেদের তিনটি করে সন্ধিবদ্ধপদ দেওয়া হল। সঠিক সন্ধিবদ্ধ পদটি বেছে লেখো ঃ 1x3 = 3

১) রবি + ইন্দ্র ক) রবীন্দ্র
খ) রবিন্দ্র
গ) রবিইন্দ্র

২) পর + উপকার ক) পরউপকার
খ) পরোপকার
গ) পরাপুকার

৩) মরু + উদ্যান ক) মরুদ্যান
খ) মরুউদ্যান
গ) মরূদ্যান

৮) নীচের তিনটি সমাসবদ্ধ পদ এবং প্রতিটির জন্য তিনটি করে ব্যাসবাক্য দেওয়া হল। সঠিক উত্তরটি বেছে লেখ ঃ— 1x3 = 3

১) পঞ্চবটী = ক) পঞ্চ বটের সমাহার
খ) পঞ্চ বটীর সমাহার
গ) পঞ্চ যে বটী

২) বীণাপাণি = ক) বীণা পাণি যার
খ) বীণা পাণিতে যার
গ) বীণার পাণি

৩) তীর্থযাত্রা = তীর্থ থেকে যাত্রা
তীর্থের যাত্রা
তীর্থের জন্য যাত্রা

৯) তিনটি প্রত্যয়ের সঠিক রূপটি বেছে লেখো ঃ— 1x3 = 3

১) গড়ন = গড়্ + অন্
গড়্ + ন
গড়ন্ + অ

২) উঠতি = উঠ্ + অতি
উঠ্ + তি
উঠতি + ই

২) বেহায়াপনা = বেহায়া + না
বেহায়া + আপনা
বেহায়া + পনা

১০) নীচের এক কথায় প্রকাশের তিনটি করে উত্তর দেওয়া হয়েছে সঠিক উত্তরটি লেখ ঃ—
1x3 = 3

১) যে নারী কখনো সূর্যকে দেখে নি = অসূর্যম্পশ্যা
= অসূর্যপশ্যা
= অসূযম্পশ্য

২) যেপূর্ব জন্মের কথা মনে রাখতে পারে = জাতিস্যর
= জাতিস্মর
= জাতিস্বর

৩) ইন্দ্রকে জয় করেছেন যিনি ক) ইন্দ্র জয়
খ) ইন্দ্রজিৎ
গ) জিতেন্দ্রিয়

১১) সঠিক বাক্যটি বেছে লেখ ঃ 1x3 = 3

১) (ক) এই জঙ্গলে নানাবিধ পশুগণ বাস করে।
(খ) এই জঙ্গলে নানাবিধ পশু বাস করে।
(গ) এই জঙ্গলে নানা পশুগণ বাস করে।

২) ক) হুড়হুড়ে ঠান্ডাজলে স্নান করলাম।

খ) গনগনে ঠান্ডাজলে স্নান করলাম।

গ) কনকনে ঠান্ডাজলে স্নান করলাম।

৩) ক) মেয়েটি আরোগ্য হয়েছে।

খ) মেয়েটি আরোগ্য করেছে।

গ) মেয়েটি আরোগ্য লাভ করেছে।

## Section - D (Text Book)
## পাঠ্যপুস্তক

গদ্য

১২) ব্যাখ্যা লেখো (প্রসঙ্গ সহ) 1x5 = 5 (2+3)

ক) "সে সোজা মেয়ে নয় ভায়া, তাকে ভোলানো সহজ নয়।"

অথবা

ভিখিরি স্বপ্নে দেখবে সে বড়লোক হয়ে গিয়েছে।

১৩) "সেই কেবল কাঁদিল না" —

ক) উক্তিটি কোন রচনার?

খ) লেখক কে এবং 'সেই' বলতে কাকে বোঝানো হয়েছে?

গ) উক্তিটির তাৎপর্য লেখো? 1+2+2 = 5

অথবা

'মায়ের দুধ খেয়েছিল বটে ছোটবাবু! লাঠি ধরলে বটে' —

(ক) উক্তিটি কোন্ রচনার?

(খ) কে কার সম্বন্ধে এই উক্তি করেছে?

(গ) এই উক্তিটিতে ছোটবাবুর চরিত্রের কোন্ দিকটি প্রকাশ পেয়েছে।

১৪) "সেখানকার সেই লক্ষ লক্ষ কয়েদির সঙ্গে কয়েদির সঙ্গে municipality-র দুর্গের মধ্যে বন্দি হতে চললুম।'

ক) উক্তিটি কোন রচনার?

খ) বক্তা কাকে কোথা থেকে বলেছেন?

গ) বক্তার বক্তব্যের তাৎপর্য নির্ণয় করো। 1+2+2 = 5

অথবা

'পেলেনটা ঠিক উতরে গেল সাহেব।' —

(ক) উক্তিটির কোন্ রচনার?

(খ) কে কাকে এ কথা বলেছে?

(গ) পেলেনটা কী? কীভাবে তা উতরে গেল?

১৫) কবিতা

প্রসঙ্গসহ ব্যাখ্যা লেখো (একটি)

ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায় 2+3 = 5

অথবা

আমার দাদির তরেতে যেন গো ভেস্ত নাজেল হয়!

১৬) "কী সেবা তার সে সুখ-সদনে' 1+2+2 = 5

(ক) কোন্ কবিতার অংশ

(খ) কবি কে এবং 'তার' বলতে কাকে বোঝানো হয়েছে?

(গ) পংক্তিটির তাৎপর্য রচনা কর।

অথবা

"মা বলে এ কী কথা মরি গো' —

(ক) কোন কবিতার অংশ?

(খ) 'মা' বলে কোন দুটি চরিত্র উল্লিখিত?

(গ) মায়ের হৃদয়ের ব্যাকুলতা নিজের ভাষায় লেখ।

আম আঁটির ভেঁপু

১৭) 'আমার টেলিগিরাফের তার ছিঁড়ল কে' — কে কাকে উদ্দেশ্য করে এ কথা বলেছে? ঘটনাটি বর্ণনা করো। 2+3 = 5

অথবা

'এসো দাদাভাই, বসো বসো' — কে কাকে একথা বলেছে? বক্তা ও উদ্দিষ্ট ব্যক্তির ঘনিষ্ঠ সম্পর্কের পরিচয় দাও।

১৮) "আয় না বিনি, চড়ুইভাতি কচ্চি" — বিনির পরিচয় দাও?

দুর্গা, অপু ও বিনির চড়ুইভাতির সংক্ষিপ্ত বর্ণনা দাও 2+3 = 5

অথবা

"ভালো ক্ষণে আজ বাড়ি থেকে বেরিয়েছিলি যা হোক!'

কে কাকে বলেছেন? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে এ কথা বলা হয়েছে?